

বিকৃক্ত সূর্যের শরীর থেকে বেরছে সৌরশিখা

ফিরে এসো কলঙ্ক

বি মা ন না থ

শেষ অবধি ঘূঘ ভাঙল সূর্যদেবতার। আগস্ট মাসের প্রথম সপ্তাহে সূর্যের গায়ে দু'জায়গায় উঠল বেশ বড় বড় বাড়। বিপুল পরিমাণ সৌরপদার্থ ছিটকে উঠল তার গা থেকে, তার কিছুটা পৃথিবীর দিকেও ধেয়ে এল, আছড়ে পড়ল বায়ুমণ্ডলের ওপর। আর সেই সুবাদে পৃথিবীর এমন কিছু জায়গা থেকে মেরুপ্রভার দেখা গেল, যা মেরু অঞ্চল থেকে অনেক দূরে বলে মেরুপ্রভার সৌন্দর্য হামেশা দেখার সৌভাগ্য থেকে বঞ্চিত।

আর এই বাড়ের সঙ্গেই ফিরে এল সূর্যের কলঙ্ক। বিজ্ঞানীরা নিশ্চিন্ত হলেন। টানা দু'বছর দুর্দিনের পর যেন হাঁফ ছেড়ে বাঁচলেন তাঁরা।

হয়তো অনেকে ভাবছেন ঠাট্টা করা হচ্ছে। কলঙ্ক আবার কবে থেকে ভাল খবর হল? তা সে সূর্যেরই হোক আর কোনও লোকেরই হোক। তাছাড়া আজকাল কারও কলঙ্ক নিয়ে কেউ মাথা ঘামায় নাকি?

চরিত্রি যেহেতু সূর্য, তাই মাথা না ঘামিয়ে উপায় নেই। ২০০৮ সাল থেকে বিজ্ঞানীদের দুর্দিন শুরু হয়েছে। তন্ম তম

করে সূর্যের গায়ে কলঙ্ক খুঁজে খুঁজে তাঁদের অবস্থা নাজেহাল। নানা ধরনের কঠিন অঙ্ক কবে অনেক রকমের ভবিষ্যদ্বাণী করেছেন তাঁরা। কিন্তু সবার ভবিষ্যদ্বাণীকে ভুল প্রমাণিত করে সূর্য প্রায় নিকলঙ্ক হয়ে রয়েছিল দু'বছর। এর সঙ্গে গত শীতে ইউরোপ আর আমেরিকায় কড়া ঠান্ডার সম্পর্ক নিয়ে জল্লবা মিলেমিশে সকলকে বেশ চিঞ্চায় ফেলে দিয়েছিল আমাদের সূর্য। অনেক বিজ্ঞানীর মতে নিকলঙ্ক সূর্য নাকি নিষ্ঠেজ হয়, এবং সেই জন্য পৃথিবীতেও শৈত্যের আধিক্য দেখা দিতে পারে। তাই কলঙ্ক আর যার পক্ষেই খারাপ হোক না কেন, সূর্যের পক্ষে মোটেই নয়। এই মহুর্তে বিজ্ঞানীরা আশা করে বসে আছেন যেন ধীরে ধীরে আগামী কয়েক বছরে আবার সূর্যের কলঙ্কের সংখ্যা বাঢ়ে। যেন আবার ফিরে আসে তার তেজ।

সূর্যের কলঙ্ক নিয়ে আমাদের এত মাথাব্যথা কেন? কলঙ্ক যাকে বলছি সেটাই বা আসলে কী?


আমরা সবাই জানি সূর্য একটি নক্ষত্র, অর্থাৎ যার নিজের আলো তৈরি করার ক্ষমতা আছে। আলো বা শক্তি তৈরি

**আপাত-অহেতুক
দীর্ঘ একটি নিকলঙ্ক
দশা প্রেরনোর
মুখে সূর্য আকস্মিক
বিকৃক্ত হয়ে
উঠতেই স্ফ্রিত
নিষ্পাস ছাড়লেন
বিজ্ঞানীরা। সূর্যকে
নতুন করে পড়ার
সুযোগটি তাঁরা
হারাতে নারাজ।**

করার জন্য চাই একটা
তপ্ত গ্যাসের গোলক।
তার কেন্দ্রের তাপমাত্রা
পারমাণবিক বিক্রিয়া
ঘটানের পক্ষে যথেষ্ট
হওয়া চাই। যেমন সূর্যের
কেন্দ্রের তাপমাত্রা হল
প্রায় দেড় কোটি ডিগ্রি
সেলসিয়াস। আর
স্থানকার গ্যাসের
ঘনত্বও খুব বেশি। ভারী
জিনিসের উপরা দেবার
জন্য যে সিসের উল্লেখ
করা হয় তার ঘনত্বের
চেয়েও প্রায় দশ গুণ
বেশি। এই ঘনত্ব আর
তাপমাত্রার জন্য সূর্যের কেন্দ্রে একটা বিশেষ বিক্রিয়া ঘটছে।
চারটা প্রোটন (অর্থাৎ হাইড্রোজেন পরমাণুর কেন্দ্র) মিলে একটা
হিলিয়াম পরমাণু কেন্দ্র তৈরি করছে। এটাকে বলা হয় ফিউশন
অর্থাৎ পরমাণু সংযোজন। সাধারণ পারমাণবিক বোমায় যা হয়,
তার উটেটো ঘটছে এই প্রক্রিয়া। ভারী পরমাণুর বিভাজন নয়,
বরং হালকা পরমাণুর কেন্দ্রগুলো একত্রে এনে জোড়া লাগানো
হচ্ছে এখানে।

এই বিক্রিয়ার সময় কিছুটা ভর শক্তিতে রূপান্তরিত হয়।
আইনস্টাইনের সেই বিখ্যাত সূত্র $E=mc^2$ অনুযায়ী ভর আর
শক্তি একই জিনিসের রকমফৰে। এ ক্ষেত্রে যা হচ্ছে সেটা হল
এই: চারটে প্রোটন যোগ করলে যত ভর পাওয়া যেত, একটা
হিলিয়াম কেন্দ্রের ভর তার চেয়ে একটু কম। দুইয়ে দুইয়ে মিলে
ঠিক চার হচ্ছে না—তার খানিকটা কম। আর ওই বাকি ভরটুকু
আলো হয়ে বেরিয়ে আসছে সূর্যের কেন্দ্র থেকে।

প্রথমদিকে এই আলোর শক্তি খুব বেশি থাকে; এগুলো
হল গামা রশ্মি, যার শক্তি এক্সে বা রঞ্জনশিরির থেকেও বেশি।
কলক আর যার পক্ষেই খারাপ হোক না কেন, সূর্যের পক্ষে
মোটেই নয়। এই মুহূর্তে বিজ্ঞানীরা আশা করে বসে আছেন যেন
ধীরে ধীরে আগামী কয়েক বছরে আবার সূর্যের কলকের সংখ্যা
বাঢ়ে। যেন আবার ফিরে আসে তার তেজ।



সূর্যপৃষ্ঠে একটি সৌরকলক। আয়তনে প্রথিবীর থেকেও বড়


সাধারণ হলুদ রঙের আলো।

শুধু যে আলোর শক্তিক্ষম হয় তা নয়, সূর্যের বাইরের স্তর
ভেদ করে আসার সময় এই আলো আর একটা কাণু করে
বসে। আমরা স্কুলের বাহতে পড়েছি যে, এক জ্যায়গা থেকে
অন্য জ্যায়গায় তাপ মোট তিন রকম উপায়ে যেতে পারে। এক
হল পরিবহন—রাস্তা করার সময় উন্নত কড়াইয়ে হাত দিলে
আমাদের ছাঁকা লাগে, এটা তার উদাহরণ। এখানে কড়াইয়ের
পরমাণু একে অন্যকে ধাক্কা দিয়ে এক জ্যায়গার তাপ অন্য
জ্যায়গায় পৌঁছে দেয়। আর একটা উপায় হল বিকিরণ, যখন
তাপরশ্বরির সাহায্যে তাপ দূরে কোথাও পৌঁছাতে পারে। গরম
উলুনের পাশে বসলে এ কারণেই আমাদের গায়ে ওম লাগে।
তৃতীয় পছ্টা হল পরিচলন। এর একটা উদাহরণ হল যখন
প্রথিবীর কোণও জ্যায়গা খুব গরম হয়ে পড়ে, তখন স্থানকার
হাওয়া ওপরের দিকে ওঠে, আর স্থানে নিম্নচাপ দেখা দেয়।
এখানে গরম গ্যাস এক জ্যায়গা থেকে অন্য জ্যায়গায় (নাচ থেকে
ওপরে) গিয়ে তাপ পৌঁছে দিচ্ছে।

সূর্যের গভীরে, কেন্দ্রের কাছাকাছি অঞ্চলে আলোই এই
তাপ পৌঁছে দেবার কাজ করে। ভেতরের স্তর থেকে বেরিয়ে
আসার সময় গ্যাসের কণার সঙ্গে আলোককণাগুলি ধাক্কা থেকে
থাকে। পথে চলতে চলতে সে তার কিছুটা শক্তি তাপ রপে
সূর্যের গ্যাসকে বিলিয়ে দেয়। এই সব অঞ্চলে আলো আর
গ্যাসের মধ্যে একটা বোকাপড়া আছে। এর কারণ হল এই যে,
খ্যানকার প্রচণ্ড তাপের জন্য গ্যাসের পক্ষে পরমাণু তৈরি করা
সম্ভব নয়—এখানে ইলেক্ট্রনগুলো যথেষ্ট ঘুরে বেড়ায়। আর
এই স্বাধীন ইলেক্ট্রনগুলো আলোকে পুরোপুরি শুষে নেয় না।

কিন্তু সূর্যের বাইরের দিকের গ্যাসের তাপমাত্রা ভেতরের
তুলনায় অনেক কম। সূর্যের একেবারে বাইরের স্তরের তাপমাত্রা
মাত্র হয় হাজার ডিগ্রি সেলসিয়াসের মতো, সূর্যের কেন্দ্রের
গ্যাসের তুলনায় বেশ ঠাণ্ডাই বলা যায়। এই তাপমাত্রায় গ্যাসের
মধ্যে কয়েক ধরমের পরমাণু তৈরি হতে পারে, কিছু সংখ্যক
ইলেক্ট্রন পাকড়াও করে তাদের বন্দি করে রেখে। আলোর সঙ্গে
এই বন্দি ইলেক্ট্রনগুলোর আচরণই আলাদা—কিছু কিছু ক্ষেত্রে
এরা আলো পুরোপুরি শুষে নেবার চেষ্টা করে। এই শোষণের
ফলে গ্যাস খুব গরম হয়ে গিয়ে ওপরের দিকে, অর্থাৎ বাইরের
দিকে, উঠতে শুরু করে—আমাদের বায়ুমণ্ডলে যেমন হাওয়া
গরম হয়ে ওপরে ওঠে, তার মতো। ওপরে উঠে ঠাণ্ডা হয়ে
আবার নীচে চলে যায়, তার পর আবার ওপরে উঠে আসে। এই
ভাবে ওপর-নীচে চলাফেরা করে সূর্যের বাইরের স্তরের গ্যাস।
যেন স্থানে প্রতি মুহূর্তে বড় উঠছে আর মিলিয়ে যাচ্ছে।

এমনটা যে সত্তিই ঘটছে তার চাক্ষুয় প্রমাণ আছে। দুর্বীক্ষণে



সুর্যের নিজের চারিদিকে ঘোরার গতি সব জায়গায় সমান নয়। সূর্য যদিও তার অক্ষরেখার চারিদিকে ঘুরছে, তার ঘোরার সঙ্গে পৃথিবীর আক্ষিকগতির একটা বড় তফাত আছে। সুর্যের ঘোরার গতিবেগ তার সকল অক্ষাংশে সমান নয়—বিষুবরেখায় তার যে গতিবেগ, মেরুর কাছাকাছি গ্যাস তার চেয়ে ধীরে গতিতে চলে। এর জন্য সুর্যের ভেতরের দিকে চৌম্বক বলরেখার ওপর একটা টানাটানি চলে।

সূর্যকে লক্ষ করলে দেখা যায় তার ওপর দানার মতো বিভিন্ন আকারের দাগ ছড়ানো রয়েছে। যেন অনেকগুলো দেনানার দানা এক জায়গায় জড়ে করে রাখা হয়েছে। আরও ভাল করে এবং কিছুক্ষণ ধরে লক্ষ করে দেখা যায় যে এই দানাগুলো হির বসে নেই। কয়েক মিনিট পর পর এক একটা দানা মিলিয়ে গিয়ে সেই জায়গায় অন্য দানা দেখা দিচ্ছে। কোনও দানার মধ্যেকার গ্যাসের গতিবিধি পরীক্ষা করলে দেখা যাবে যে, স্থানকার গ্যাস আসলে ওঠানামা করছে। অর্থাৎ স্থানে বড় উঠে আর মিলিয়ে যাচ্ছে।

আকাশের সব নক্ষত্রে কিন্তু এই রকম ঝড় ওঠে না। যে সব তারা সূর্যের চেয়ে অনেক ভারী এবং যাদের তাপমাত্রা খুব বেশি, তাদের বাইরের স্তরের গ্যাস আলোর কণাকে ভাল করে শুধে নিতে পারে না। এদের ক্ষেত্রে আলোর কণা গ্যাসের পরমাণুদের সঙ্গে ঢোকার খেতে খেতে বেরিয়ে আসে। তাই সেই সব তারার বাইরে এমন ঝড় ওঠে না। শুধু সূর্যের মতো বা তার চেয়ে কম তাপমাত্রার (অর্থাৎ তার থেকে কম ভরবিশিষ্ট) নক্ষত্রের গায়েই এমন ঝড় উঠতে দেখা যাব।

সূর্যের গায়ের এই দানাগুলো অবশ্য তার পুরো শরীরটা ঢেকে নেই। কিছু কিছু অংশে গ্যাসের এই ওঠানামা খানিকটা বন্ধ হয়ে থাকে। আটকে থাকে স্থানকার গ্যাসের গতিবিধি। সেই অংশগুলোতে একটা শক্তি কাজ করছে যার ফলে গ্যাস স্বাভাবিক ভাবে ওপরে উঠতে পারে না, কাজেই ভেতরকার তাপও বাইরে এসে ছড়িয়ে দিতে পারে না। ফলে ওই অংশগুলোর তাপমাত্রা থাকে অন্যান্য অংশের তুলনায় কিছুটা কম। যেহেতু কম তাপমাত্রার গ্যাসের ঔজ্জ্বল্য কম, তাই সেই অংশগুলো থেকে আসা আলোও ছান হয়। আশপাশের তুলনায় এই অংশগুলো তাই কিছুটা কালো দেখায়। এই কালো অংশগুলোই হল সূর্যের কলস।


কিন্তু সূর্যের ওই সব অংশে কী এমন শক্তি রয়েছে যার জন্যে গ্যাসের স্বাভাবিক চলাফেরায় বাধা পড়ে? সেটা হল চৌম্বক শক্তি। শুনে হয়তো আবাক লাগতে পারে। প্রশ্ন উঠতে পারে যে, সূর্যের মধ্যে আবার চুম্বক কোথায়? কিন্তু একটু ভাবলেই ব্যাপারটা সহজ করে বোঝা যাবে।

চুম্বকের সঙ্গে ডিঙ্গুবাহের বা ইলেক্ট্রিক কারেন্টের একটা গভীর সম্পর্ক আছে। এই দুই শক্তির মধ্যে গলাগলি ভাব; একে অপরকে ছেড়ে থাকতে পারে না। কোথাও বিদ্যুৎপ্রবাহের পরিবর্তন হলে স্থানে চৌম্বক শক্তি দেখা দেয়। আবার কোথাও চুম্বক নিয়ে নাড়াচাঢ়া করলে স্থানে ইলেক্ট্রিক কারেন্ট উকি মারে। যেমন আমরা সাইকেলের চাকার সঙ্গে চুম্বক লাগিয়ে বিদ্যুৎপ্রবাহ তৈরি করতে পারি, জ্বালাতে পারি হেল্ডাইটের আলো। এই ধরনের ডাইনামো এটাই প্রমাণ করে যে, বিদ্যুৎপ্রবাহ আর চুম্বকের মধ্যে একটা গভীর যোগাযোগ রয়েছে।

এর সঙ্গে আর একটা কথাও ভাবতে হবে। সূর্যের তাপমাত্রা এত বেশি যে, স্থানে গ্যাসের পরমাণুদের অবস্থা বেশ করুণ। এই কারণেই স্থানকার ইলেক্ট্রনগুলো স্থানীন হয়ে ঘূরে বেড়ায়, যার কথা আমরা আগে জেনেছি ব্যাপারটা একটু তলিয়ে দেখা যাক। কোনও কিছু গরম করার অর্থ হল, তার মধ্যে যে সব পরমাণু রয়েছে তাদের ছোটাছুটির পরিমাণ বাড়িয়ে দেওয়া।

ঠাণ্ডা পদার্থে পরমাণুরা জবুত্বে হয়ে বসে থাকে, সেজন্য সেই সব জিনিস একটা বিশেষ আকার বজায় রাখতে পারে। তাকে একটু গরম করলে পরমাণুগুলো তাড়াতাড়ি নড়াচড়া করতে শুরু করে, তখন সেটা হয় তরল। আরও গরম করলে পরমাণুদের ছোটাছুটি বেড়ে যায়, তখন সেই পদার্থ বায়বীয় আকার ধারণ করে।

কিন্তু ধরা যাক এই গ্যাসকে আরও গরম করা হল। তখন তার অবস্থা কী দাঢ়াবে? তাদের মধ্যে ছোটাছুটি এত বেড়ে যাবে যে তখন পরমাণুর ভেতরকার অবস্থা বেশ খারাপ হয়ে উঠবে। সাধারণত পরমাণুর কেন্দ্রে প্রোটন আর নিউট্রন এই দুই ধরনের কণা থাকে। এদের মধ্যে প্রোটনের বৈদ্যুতিক চার্জ হল ধনাত্মক, আর নিউট্রনের কোনও চার্জ নেই। এই কেন্দ্রের চারিদিকে কিছু



চৌম্বকরেখা বেয়ে বেরিয়ে আসছে সৌরশিখা

ইলেক্ট্রন ঘূরে বেড়ায়, যাদের বৈদ্যুতিক চার্জ হল ধনাত্মক। এই দুই বিপরীতধর্মী চার্জের মধ্যে আর্ক্যুলের জন্য এই কণাগুলো একত্রে থাকে। অর্থাৎ, প্রোটনগুলো বৈদ্যুতিক বলের সাহায্যে ইলেক্ট্রনগুলোকে ধরে রাখে, এবং পরমাণুটার পরিবার সামলে রাখে।

কিন্তু যখন আশেপাশের পরমাণুগুলো ছোটাছুটি শুরু করে এবং একে অপরকে ধাক্কা দিতে শুরু করে তখন কী হয়? ধরা যাক, বাবা ছেলের হাত ধরে বাজারে বেরিয়েছেন। এমন সময় কোনও কারণে রাস্তায় লেগে গেল দাসা। তখন সবাই দিগ্বিদিক-জ্ঞানশূন্য হয়ে ছুটতে শুরু করবে। বাবা হয়তো তখন ছেলের হাত ধরে দোড়তে শুরু করবেন। কিন্তু লোকজনের ছোটাছুটি আরও বেড়ে গেলে এক সময় হয়তো বাবা আর ছেলেকে ধরে রাখতে পারবেন না, দু'জনে কে কোথায় ছিটকে যাবেন কে জানে। সূর্যের ভেতরে প্রচণ্ড তাপমাত্রায় গ্যাসের পরমাণুর ঠিক এই অবস্থা হয়। প্রোটনদের হাতছাড়া হয়ে ইলেক্ট্রনগুলো এদিক ওদিক ছোটাছুটি করে। আর এই ধরনের বৈদ্যুতিক চার্জসহ কণার চলাফেরার নামই তো ডিঙ্গুবাহ। আর যেখানে ডিঙ্গুবাহ রয়েছে, স্থানে চৌম্বক ক্ষেত্র থাকতে বাধ্য।

অবশ্য এই চৌম্বক ক্ষেত্র হির বেয়ে নয়—প্রতি মুহূর্তে এর পরিবর্তন হচ্ছে। কারণ ইলেক্ট্রনগুলোর গতিবিধি সব সময় বদলাচ্ছে। আর সূর্যের সব অংশে এই চৌম্বক শক্তির পরিমাণও

সূর্যের গায়ে
দু'জায়গায় উঠল
বেশ বড় বড় বড়।
বিপুল পরিমাণ
সৌরপদার্থ ছিটকে
উঠল তার গা
থেকে, তার কিছুটা
পৃথিবীর দিকেও
ধেয়ে এল, আছড়ে
পড়ল বায়মগুলের
ওপর।

সূর্যের বাইরের দিকের গ্যাসের তাপমাত্রা ভেতরের তুলনায় অনেক কম। সূর্যের একেবারে বাইরের স্তরের তাপমাত্রা মাত্র ছয় হাজার ডিগ্রি সেলসিয়াসের মতো, সূর্যের কেন্দ্রের গ্যাসের তুলনায় বেশ ঠাণ্ডাই বলা যায়। এই তাপমাত্রায় গ্যাসের মধ্যে কয়েক ধরনের পরমাণু তৈরি হতে পারে, কিছু সংখ্যক ইলেকট্রন পাকড়াও করে তাদের বন্ধি করে রেখে।

সমান নয়। স্থানভেদে তার রকমফের হয়—কোথাও বেশি কোথাও কম। সূর্যের বাইরের স্তরে যে সব অংশে এই চৌম্বক ক্ষেত্রের শক্তি বেশি হয়, সেখানে চুম্বকের টানে গ্যাসের গতি আটকে যায়। সেখানকার তত্ত্ব গ্যাসকে ওপরে উঠতে দেয় না, আর তার ফলে ওই অংশে ভেতরকার উষ্ণতা বাইরে পৌছতে পারে না। যার জন্য ওই জায়গাগুলো কালো দেখায়।

চুম্বকের সঙ্গে সৌরকলকের যে সরাসরি সম্পর্ক রয়েছে এটা বিজ্ঞানীরা পরীক্ষা করে দেখেছেন। সূর্যের গায়ে কলক সব সময় জোড়ায় জোড়ায় দেখা দেয়। একটা দেখা গেলে সঙ্গে তার দোসরও থাকে। আর তাদের চৌম্বক ক্ষেত্রের মেরুও হয় উল্লেখযোগ্য—একটা উন্নত মেরুর হলে অন্যটা দক্ষিণ মেরুর হবেই। ঠিক যেমন আমরা চুম্বকের টুকরো দেখে অভ্যন্ত, যার দু'দিকে দুটো মেরু থাকে। চুম্বকের দুটো মেরুর মধ্যে একটা চৌম্বক ক্ষেত্র থাকে। এবং সৌরকলকের ক্ষেত্রেও বিজ্ঞানীরা তার প্রত্যক্ষ প্রমাণ পেয়েছেন।

কুলের পরীক্ষাগারে চুম্বকের চারিদিকে লোহার গুঁড়ো ছড়িয়ে দিয়ে আমরা তার বলরেখা (লাইন অফ ফোর্স) আঁকি। এই গুঁড়োগুলো চুম্বকের শক্তির হেরফের অনুযায়ী নিজেদের সাজিয়ে নেয় বলে আমরা সহজে দেখতে পারি কোথায় এই শক্তি বেশি আর কোথায় কম। নাহলে চৌম্বক ক্ষেত্র প্রত্যক্ষ করা যায় না। সূর্যের গায়ে এই লোহার গুঁড়োর কাজ করে শক্তিশালী ইলেকট্রন। ইলেকট্রনের মতো তত্ত্ববাহী কণার ধর্মই হল চৌম্বক বলরেখা বেয়ে চলা।

যখন সূর্যের ভেতরের গ্যাস বাড়ের সঙ্গে বাইরে চলে আসে, তখন তার মধ্যে থাকা ইলেকট্রনগুলো সূর্যের গায়ের চৌম্বক বলরেখার পথ ধরে চলে। মাঝে মাঝে তারা এক জোড়া সৌরকলকের মধ্যে যে চৌম্বক বলরেখা রয়েছে সেই পথ বেয়ে ঘটনামা করে। এইরকম সময়ে ইলেকট্রন এক ধরনের অতিবেগনি রশ্মি বিকিরণ করে। সম্প্রতি অহকাশ্যান থেকে তোলা ছাবিতে এই অতিবেগনি রশ্মি পরিষ্কার দেখা গেছে এবং তার সাহায্যে সৌরকলকগুলোর মধ্যকার চৌম্বকক্ষেত্রও স্পষ্ট হয়ে উঠেছে। ভোরের বেলা শিশিরের বিন্দু লেগে গাছের পাতার ফাঁকে লুকানো প্রায় অদৃশ্য মাকড়সার জলও যেমন আমাদের চোখে ধরা দেয়, এখানেও তার তল্য একটা ঘটনা ঘটে।

শিশিরবিন্দুর জায়গায় ইলেকট্রনগুলো আমাদের স্পষ্ট দেখিয়ে দেয় অদৃশ্য চৌম্বক বলরেখার ছাবি।

যে-চৌম্বক শক্তি এই ভাবে সূর্যের বাইরের দিকে গ্যাসের কণাকে দৌড়াপাঁ করাচ্ছে, সেই শক্তির উৎপত্তি হচ্ছে সূর্যের গভীরে। তারপর গ্যাসের সঙ্গে সেই শক্তি বাইরের দিকে চলে


আসছে। সূর্যের অন্দরমহলে যে অংশ থেকে গ্যাসের বাড় উঠছে, সেই অংশলে তৈরি চৌম্বক বলরেখাগুলো গ্যাসের সঙ্গে বাইরে বেরিয়ে আসছে। যেন নাভি থেকে উঠে আসছে এই ছক্ষনের ধৰনি। আর বাইরে এসে সেই গ্যাসের কণাগুলোকে এদিক ওদিক এলোপাথাড়ি ছুড়ে ফেলছে।

সূর্যের গায়ে ওঠা বাড় কখনও কখনও নিজেকে সামলাতে না পেরে সূর্যের বাইরে ছিটকে পড়ে। সূর্যের বাইরের দিকে এই উচ্চল গ্যাসের দাপাদাপি প্রায়ই দেখা যায়, বিশেষ করে যখন সূর্যের চৌম্বক ক্ষেত্র শক্তিশালী হয়ে ওঠে। এই গ্যাসের মধ্যে যে কণাগুলোর গতিবেগ প্রচণ্ড বেশি, তারা মহাকাশে চতুর্দিকে ঝাঁকে ঝাঁকে বেরিয়ে পড়ে মেশিনগানের বুলেটের মতো। তার একটা অংশ পৃথিবীর গায়ে এসেও আছে পড়ে। তখন পৃথিবীর চৌম্বকক্ষেত্র বেয়ে চুকে পড়ে বায়ুমণ্ডলে। এখানকার চৌম্বকক্ষেত্র উন্নত আর দক্ষিণ মেরুর দিকে খুব শক্তিশালী, তাই সূর্য থেকে আসা পদার্থকণ ওই সব অংশলে চুকে বাতাসের পরমাণুদের উভেজিত করে তোলে। পদার্থকণার এক একটা ঝাঁক এই ভাবে পৃথিবীর বায়ুমণ্ডলে এসে চাবুক মারে। এদের গতিবেগ সেকেন্ডে হাজার কিলোমিটারের মতো। ঝাঁক ঝাঁক কণা এই প্রচণ্ড বেগে এসে আঘাত করে বায়ুমণ্ডলের পরমাণুর ওপর, আর তারা জলে ওঠে মুহূর্তের জন্য—এই জন্যই দেখা দেয় মেরুপ্রভা, বা অরোরা বোরিয়ালিস আর অস্ট্রিলিস। যখন সূর্যের গায়ে কলক বেড়ে যায়, এবং তার চৌম্বক শক্তি হয়ে ওঠে উন্নত, তখন এখানেও মেরুপ্রভার ঊজ্জল্য বেড়ে যায়।


শুধু তাই নয়, এই শক্তিশালী পদার্থকণার ধাক্কায় অনেক বৈদ্যুতিক যন্ত্রপাতি ও বিকল হয়ে যেতে পারে। মাঝে মাঝে যখন এই কণাগুলো বেশি সংখ্যায় দেয়ে আসে, তখন তারা পৃথিবীর চৌম্বকক্ষেত্রে বেশ বড় ধরনের পরিবর্তন ঘটায়, যাকে বিজ্ঞানীরা পৃথিবীর চৌম্বকবাড়ি বা জিওম্যাগনেটিক স্টৰ্ম বলেন। পৃথিবীর চারিদিকে পরিক্রমণরত কৃত্রিম উপগ্রহগুলোর ওপরেও এদের প্রভাব পড়ে। অনেক সময় ওই সব উপগ্রহে রাখা যন্ত্রপাতি ও খারাপ হয়ে যায়। ফলে স্যাটেলাইটের সাহায্যে যোগাযোগের ব্যাপারেও ব্যাঘাত ঘটে। আমাদের দৈনন্দিন ব্যবহারের জন্য যে সব বৈদ্যুতিক পাওয়ার গ্রিড রয়েছে, সেগুলোও ক্ষতিগ্রস্ত হতে পারে।

১৮৫৯ সালে এমন একটা বিশাল চৌম্বক বাড়ের প্রভাব টের পাওয়া গিয়েছিল এমনকী ভারত থেকেও। সেই বছর পয়লা সেপ্টেম্বর সূর্যে এমন এক ঝাড় উঠেছিল, যা সূর্যের গায়ে দেখা যাওয়ার মাত্র আঠারো ঘটার মধ্যে পৃথিবীর চৌম্বকক্ষেত্রে তোলপাড় করে দেয়। মুন্ডাইয়ের কোলাবা মানমন্দিরের

**হয়তো অনেকে
ভাবছেন ঠাণ্টা করা
হচ্ছে। কলক আবার
করে থেকে ভাল
খবর হল? তা সে
সূর্যেরই হোক আর
কোনও লোকেরই
হোক। তাছাড়া
আজকাল কারও
কলক নিয়ে কেউ
মাথা ঘামায় নাকি?**



বিফুরু সূর্য। ৩ আগস্ট
২০১০। ওপরের কালচে
অংশটি সূর্য থেকে ঠিকে
ওঠা পদার্থ, যার অভিযাত
অন্তিমিলম্বে এসে
পৌছেছিল পৃথিবীর বুকে



এই চৌম্বক
ক্ষেত্র স্থির
নয়—প্রতি মুহূর্তে
এর পরিবর্তন
হচ্ছে। কারণ
ইলেকট্রনগুলোর
গতিবিধি সব সময়
বদলাচ্ছে। আর
সূর্যের সব অংশে
এই চৌম্বক শক্তির
পরিমাণও সমান
নয়।

পর্যবেক্ষণ অনুযায়ী স্থোনকার চৌম্বকক্ষেত্রের শক্তি হঠাৎ সেদিন কমে গিয়েছিল। ১৯২১ এবং ১৯৬০ সালের বাড়ের সময়েও সূর্য থেকে আসা শক্তিশালী পদার্থকণার সংখ্যা এমন বেড়ে গিয়েছিল যে তখন মের অঞ্চল থেকে অনেক দূরের জায়গাতেও মেরুপ্রভা দেখা গিয়েছিল, এমনকী শোনা যায় ওয়েস্ট ইন্ডিজের দীপপুঞ্জ থেকেও। এছাড়া উভর আমেরিকা এবং কানাডায় বেশ কয়েকবার বিদ্যুৎ সরবরাহে ব্যাঘাত ঘটেছিল।

আবার চৌম্বক বাড় একেবারে কমে গেলেও যে খুব ভাল তা নয়। সূর্যের কলঙ্ক কমবেশি হওয়ার জন্য সূর্য থেকে বিকিরিত তাপও কমে এবং বাড়ে। যদিও এই পরিবর্তনটা খুব কম পরিমাণের, সাধারণত এক হাজার ভাগের এক অংশের মতো, কিন্তু এর ফল সামান্য নয়। যখন তাপ কমে যায়, পৃথিবীর বায়ুমণ্ডলের বাইরের স্তর শীতল হয়ে কিছুটা সংকুচিত হয়ে আসে। এর ফলে ক্রিম উপগ্রহগুলোর ওপর ঘর্ষণ বেড়ে যায়, যার জন্য তাদের কক্ষপথ যায় পাল্টে।

দেখতেই পাচ্ছি, সূর্যের গায়ে কলঙ্ক মোটেই সাদামাটা ব্যাপার নয়। এর ফল সুদূরপ্রসারী, এবং পৃথিবীতে আমাদের জীবনযাত্রায় তার প্রভাব পড়তে পারে। কয়েকজন বিজ্ঞানী এও বলেছেন যে, এর সঙ্গে পৃথিবীর আবহাওয়ারও একটা সম্পর্ক আছে। এমন হতে পারে যে, সূর্য থেকে ছিটকে পড়া কণাগুলো পৃথিবীর বায়ুমণ্ডলে এসে মেঝ তৈরি করতে সাহায্য করতে পারে, বদলে দিতে পারে আবহাওয়া। তবে এই নিয়ে এখনও গবেষণা চলছে, কথাটা কত্তুরু সত্য তা এখনও পুরোপুরি যাচাই হয়নি।

সূর্যের গায়ে কলঙ্কের সংখ্যা কিন্তু সব সময় এক থাকে না।

সূর্যের গায়ের এই দানাগুলো তার পুরো শরীরটা দেকে নেই। কিছু কিছু অংশে গ্যাসের এই ওঠানামা খানিকটা বন্ধ হয়ে থাকে। আটকে থাকে গ্যাসের গতিবিধি। সেই অংশগুলোতে একটা শক্তি কাজ করছে যার ফলে গ্যাস স্বাভাবিক ভাবে ওপরে উঠতে পারে না।

এদের সংখ্যা কখনও বাড়ে আবার কখনও কমে। আশ্চর্যের ব্যাপার এই যে, সৌরকলঙ্কের সংখ্যা একটা বিশেষ নিয়ম মেনে কমে আর বাড়ে। একবার এদের সংখ্যা কমে গিয়ে তার পর আবার বেড়ে আগের পর্যায়ে ফিরে আসে। এবং এর জন্য সময় নেয় প্রায় এগারো বছর। গত প্রায় দুশো বছরের পর্যবেক্ষণ থেকে বিজ্ঞানীরা সৌরকলঙ্কের এই কমবেশি হওয়ার নিয়মটা খুঁজে পেয়েছেন। যেমন, ২০০০ সালের এপ্রিল মাসে সূর্যের গায়ে কলঙ্কের সংখ্যা ছিল খুব বেশি—তখন সূর্যের গায়ে গড়ে প্রায় ১২০-টা দাগ দেখা গিয়েছিল। তার আগে ১৯৯৬ সালের মে মাসে এই সংখ্যা ছিল মোটে দশ। তারও আগে ১৯৮৯ সালের সেপ্টেম্বরে গড়ে প্রায় ১৫০-টা নতুন কলঙ্ক দেখা গিয়েছিল। এই ভাবে এগারো বছর পর পর সূর্যের কলঙ্কের সংখ্যা কমেছে এবং বেড়েছে। এ যেন সূর্যের একটা অভিশাপ— একবার কলঙ্ক মুছে গেলেও পুরোপুরি নিশ্চিহ্ন হয়ে যায় না, তারা বারে বারে ফিরে আসে।

তবে এই নিয়ম একেবারে অলঙ্ঘনীয় নয়। যদিও গত দু'শো বছরে এর কোনও ব্যতিক্রম দেখা যায়নি, সপ্তদশ শতাব্দিতে একবার সূর্যের কলঙ্ক প্রায় উভে গিয়েছিল। হঠাৎ আশৰ্য রকমে কমে গিয়েছিল কলঙ্কের সংখ্যা। তখন তারতে দিল্লির মসজিদে রাজত্ব করছেন আওরঙ্গজেব। ইউরোপে তখন ত্রিশ বছরের যুক্ত

প্রশ্ন উঠতে পারে যে, সূর্যের মধ্যে আবার চুম্বক কোথায়? কিন্তু একটু ভাবলেই ব্যাপারটা সহজ করে বোঝা যাবে। চুম্বকের সঙ্গে তড়িৎপ্রবাহের বা ইলেক্ট্রিক কারেন্টের একটা গভীর সম্পর্ক আছে। এই দুই শক্তি একে অপরকে ছেড়ে থাকতে পারে না। কোথাও বিদ্যুৎপ্রবাহের পরিবর্তন হলে সেখানে চোম্বক শক্তি দেখা দেয়। আবার কোথাও চুম্বক নিয়ে নাড়াচাড়া করলে সেখানে ইলেক্ট্রিক কারেন্ট উঁকি মারে।

শেষ হওয়ার পর আবার তুরস্কের সঙ্গে যুদ্ধে নাকাল অবস্থা। এমন সময় হঠাত সূর্যের কলঙ্ক অর্ধেক শতাব্দির জন্য মুছে গিয়েছিল। পৃথিবীতে, বিশেষ করে ইউরোপে, তখন শীতের প্রকোপে লোকজনের নাজেহল অবস্থা। একটা ছোটখাটো তুষারযুগের মতন অবস্থা হয়েছিল তখন। যদিও সেরকম ঘটনা আর কখনও হয়নি, ১৯১৩ সালেও এবার সূর্যের কলঙ্ক ফিরে আসতে খুব দেরি হয়েছিল, যেমন এবার হয়েছে।

সম্প্রতি সূর্যের অবস্থা দেখে বিজ্ঞানীদের আবার সে সব ঘটনার কথা মনে পড়ে গিয়েছিল। প্রথমে মনে হয়েছিল সব কিছু স্বাভাবিক নিয়মেই

যে সব তারা সূর্যের
চেয়ে অনেক
ভারী এবং যাদের
তাপমাত্রা খুব বেশি,
তাদের বাইরের
স্তরের গ্যাস
আলোর কণাকে
ভাল করে শুষে
নিতে পারে না।

হচ্ছে, তারপর দেখা দিল গঙ্গোলা। ২০০১ সালে সূর্যের গায়ে কালো চিহ্নের ছড়াচাঢ়ি ছিল, এবং তার পর এই নিয়ম মেনেই দাগের সংখ্যা কমে এসেছিল। ২০০৮ সাল নাগাদ সূর্য প্রায় কলঙ্কহীন হয়ে পড়েছিল। হিসেব মতো তারপর থেকে আবার তার সংখ্যা বাড়ার কথা। এতদিনে, অর্থাৎ ২০১০

সালের মার্চামার্কি এসে প্রায় একশোটার মতো কলঙ্ক দেখা দেওয়ার কথা। এবং ২০১২ সাল নাগাদ আবার তার অধিকতম পর্যায়ে ফিরে যাবার কথা—২০০১-এর এগারো বছর পর।

কিন্তু কোথায় সেই কলঙ্ক? গত দু'বছর ধরে বিজ্ঞানীরা তাম তম করে সূর্যের গায়ে কলঙ্কের চিহ্ন খুঁজেছেন। কিন্তু ২০০৮ সালে প্রায় বেশির ভাগ দিনই সূর্যের গায়ে একটাও কলঙ্কের দাগ ছিল না। ২০০৯ সালেও প্রায় একই অবস্থা ছিল। ভাবুন একবার, কলঙ্ক নেই, আর সেজন্য লোকজনের মাথায় হাত।


সূর্যের কলঙ্ক এমন করে করে আর বাড়ে কেন সেটাও একটা জরুরি প্রশ্ন। আর কেনই বা এমন নিয়ম করে এগারো বছর পর পর হয়? বিজ্ঞানীদের মতে এর উভয় লুকিয়ে আছে সূর্যের গভীরে সেই স্তরে যেখান থেকে গ্যাস উঠে আসছে বাইরের দিকে। এর আসল কারণ হল সূর্যের নিজের চারিদিকে ঘোরার গতি সব জায়গায় সমান নয়। সূর্য যদিও তার অক্ষরেখার

চারিদিকে ঘুরছে, তার ঘোরার সঙ্গে পৃথিবীর অস্থিকর্ণতির একটা বড় তফাত আছে। সূর্যের ঘোরার গতিতে তার সকল অক্ষাংশে সমান নয়—বিষুবরেখার তার যে গতিতে মেরুর কাছাকাছি গ্যাস তার চেয়ে ধীরে গতিতে চলে। এর জন্য সূর্যের ভেতরের দিকে চোম্বক বলরেখার ওপর একটা টানাটানি চলে। বিভিন্ন অক্ষাংশের গ্যাস তাকে ভিন্ন গতিতে এক-একটা দিকে নিয়ে যেতে চায়। তার ফলে এই বলরেখাগুলো দুরাঢ় গিয়ে পাকানো দড়ির মতো হয়ে যায়, আর তার কিছুটা অংশ সূর্যের গায়ের যে সব অংশল ভেদ করে এই বলরেখার বাড়িল (ম্যাগনেটিক ফ্লার টিউব) বেরিয়ে আসছে সেখানেই দেখা দেয় কলকারের দাগ।


তাহলে এটা বোঝা যাচ্ছে যে, সম্প্রতি সূর্যের গভীরে কোনও একটা ঘটনা ঘটেছে যার জন্য সূর্য তার স্বাভাবিক নিয়মে ব্রহ্মসমেত কৈশোরোন্তীর্ণ চেহারা ফিরে পাচ্ছে না। এর সভাব্য কারণ নিয়ে বিজ্ঞানীদের মধ্যে জঙ্গানক঳না চলছে। ১৯৮০ সালে বিজ্ঞানীরা সূর্যের

ভেতরে, প্রায় এক লক্ষ কিলোমিটার গভীরে, ততুণ্ড গ্যাসের এক ধরনের স্রোত আবিক্ষার করেছিলেন। এই স্রোত গ্যাসকে সূর্যের পূর্ব-পশ্চিম, অর্থাৎ বিষুবরেখার সমান্তরালে একদিক থেকে অন্যদিকে নিয়ে যায়। প্রথমে মেরু অংশলে শুরু হয়ে ধীরে ধীরে এই ফল্জস্রোত বিষুবরেখার কাছাকাছি পৌছেলৈ নীচে থেকে চোম্বক বলরেখার বাড়িল ওপরের দিকে উঠতে শুরু করে। এই দুইয়ের মধ্যে কার্যকারণ সমন্বয়টা অবশ্য এখনও বিজ্ঞানীদের কাছে পরিকার নয়।

সূর্যের ভেতরের গ্যাসের এই ধরনের নড়াচাড়ার খবর জোগাড় করার একটা সহজ উপায় আছে। পৃথিবীতে ভূমিকম্প হলে সেই কম্পনটা এক জায়গা থেকে অন্য জায়গায় বয়ে যায়, যার ফলে পৃথিবীর এক প্রান্তের মাটির নড়াচাড়ার কথা অনেক দূরে বসেও জানা যায়। ভূমির এই দোলন এক-একটা টেক্টুয়ের



আয়তন (সূর্যের দৃশ্যমান গোলার্ধের আয়তনের শতাংশ)



১৮৭০-এর দশক থেকে
সৌরকলঙ্কের হ্রাসবৃদ্ধির
মেরুচিত্র। গড়ে ১১
বছরের একটি চক্র এর
থেকে স্পষ্ট হয়



মতো মাটির মধ্য দিয়ে চলে, এবং পৃথিবীর ভেতরে এক-একটা অংশে ভিন্ন গতিতে চলে, কারণ দুটো ভিন্ন পদার্থের মধ্যে এই টেক্টোরের গতি বিভিন্ন। ঠিক সেইরকম সূর্যের বাইরের স্তরেও সৌরকম্প হচ্ছে, এবং তাদের চেউ বিভিন্ন গতিতে সূর্যের বিভিন্ন অংশের মধ্য দিয়ে যায়। বিজ্ঞানীরা শক্তিশালী দূরবীক্ষণ যন্ত্র দিয়ে এই সূক্ষ্ম সৌরকম্প পর্যবেক্ষণ করেন এবং তার সাহায্যে সূর্যের ভেতরকার খবর জানার চেষ্টা করেন। এ জন্য পৃথিবীর নানা জায়গায় কয়েকটা বিশেষ টেলিস্কোপ বসানো হয়েছে, যার একটা রয়েছে আমাদের রাজ্যালানে উদয়পুরে। এই সব যন্ত্র থেকে তথ্য জোগাড় করে বিজ্ঞানীরা দেখেছেন যে এবারকার সূর্যের ভেতরের ফলুঝোত অন্যান্য বারের মতো তীব্র নয়। মেরু অঞ্চলে শুরু হয়েছে ঠিকই, কিন্তু বিশুবেরখার কাছে আসতে তার অপেক্ষাকৃত বেশি সময় লাগেছে। তাই সূর্যের বাইরের স্তরে ঝাড়ও তেমন জোরদার হচ্ছে না। দেখা যাচ্ছে না কলঙ্কের ছোপ।

বিজ্ঞানীদের মধ্যে একটা ঝড় অবশ্য ২০০৮ সালে সূর্যের হঠাৎ নিকলক দশা দেখা যাওয়ার আগে থেকেই চালু হয়েছিল কলঙ্ক সৃষ্টির ব্যাপারটা নিয়ে। এর মধ্যে বিশেষ করে দুটো দলের বক্তব্য সাড়া জাগিয়েছে এবং এই দুই দলে দু'জন বাঙালি বিজ্ঞানী রয়েছেন।

বেঙ্গলুরুর ইন্সিটিউট অফ সায়েন্স-এর অধ্যাপক অর্ধের রায়চৌধুরী এবং বেজিঙ-এর চাইনিজ অ্যাকাডেমি অফ সায়েন্স-এ গবেষণার তাঁর সহকর্মীরা ২০০৭ সালে কিছু ভবিষ্যদ্বাণী করেছিলেন। তাঁদের মাতে ২০০৮ সালের পরে নতুন সৌরকলঙ্কের চক্রটা আগের বছরের তুলনায় কম শক্তিশালী হবে। অর্থাৎ কম সংখ্যক কলঙ্ক দেখা যাবে, এবং সূর্যের বাইরে ওঠা ঝড়গুলোও হবে দুর্বল। অন্যদিকে তাঁরই প্রাক্তন ছাত্রী মৌসুমী দিকপতি, যিনি বর্তমানে আমেরিকার ন্যাশনাল সেন্টার ফর আর্টমেস্ফেরিক রিসার্চ-এ গবেষণা করছেন, তাঁর এবং তাঁর সহকর্মী পিটার গিলম্যানের মতে এই পর্যায়ে সৌরকলঙ্কের সংখ্যা আগের তুলনায় বেশি হবে, যদিও তাদের দেখা পেতে কিছুটা দেরি হতে পারে। অবশ্যই এই দুই দলের কথা অঙ্কের মধ্যে তফাত রয়েছে, যার মূলে আছে গ্যাস কীভাবে চৌম্বক

পদার্থকণার এক একটা ঝাঁক এসে আঘাত করে বায়ুমণ্ডলের পরমাণুর ওপর, আর তারা জলে ওঠে মুহূর্তের জন্য। এই জন্যই দেখা দেয় মেরুপ্রভা। সূর্যের গায়ে যখন কলঙ্ক বাড়ে আর চৌম্বক শক্তি হয়ে ওঠে উদ্বত্ত, এখানেও মেরুপ্রভার ওজ্জল্য বেড়ে যায়।

বলরেখাকে টেনে নিয়ে যায় তার বিশদ বিবরণ সম্পর্কে এখনও অনেক অনিশ্চয়তা রয়েছে এবং তাঁরা দুই ধরনের সম্ভাব্যতা খতিয়ে দেখেছেন। সত্যি বলতে কী, এই অনিয়মের দৌলতে সূর্যের কলঙ্কের ছাসবৃন্দির এই চক্রটার আসল কারণ খুঁজে বার করাটাই এখন বিজ্ঞানীদের কাছে একটা বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে।

বিজ্ঞানীদের এই সব প্রশ্নের মাঝামানে আবার একটা গুজব উঠেছে। সূর্যের কলঙ্কের সঙ্গে পৃথিবীর আবহাওয়ার সম্পর্কটা কতটুকু সত্যি? এই গত শীতে ইউরোপে আর আমেরিকায় জাঁকিয়ে শীত পড়েছিল, তার জন্য কি গত দু'বছরের কলঙ্কহীন সূর্য কি আমাদের পৃথিবীকে উষ্ণায়নের আশঙ্কা থেকে রক্ষা করবে? এর সোজা উত্তর হল, সূর্যের কলঙ্ক আর ঝড় না থাকলে সূর্যের তেজ যদিও কিছুটা কমে যায়, সেটা আমাদের বিপদ থেকে রক্ষা করার জন্য যথেষ্ট নয়। আর এই ভাবে পৃথিবীর উষ্ণায়ন বজায় রাখার অজুহাত খোঁজা বোকামি ছাড়া কিছুই নয়।

এখন শুধু অপেক্ষার পালা। গত কয়েক মাসে আবার নতুন করে সূর্যের গায়ে কলঙ্ক দেখা যাচ্ছে। এদের সংখ্যা কি আগামী বছরে আরও বাঢ়বে, না ধীরে ধীরে মিলিয়ে যাবে? আবার কি সেই সপ্তদশ শতাব্দীর মতো অবস্থা হবে, না ধীরে ধীরে সূর্যের ঝাড়ের তাওবন্ত্য বাঢ়বে? আর যদি বাড়ে তাহলে অন্যান্য বছরের মতো জোরদার ঝড় উঠবে না কি সূর্য এবার হালকা ঝড় তুলেই কাজ সারবে? আসছে কয়েক বছরেই এই সব প্রশ্নের উত্তর জানা যাবে।

লেখক বেঙ্গলুরুর রামন রিসার্চ ইনসিটিউটের সঙ্গে যুক্ত একজন জ্যোতিঃপদার্থবিজ্ঞানী **ত.**

**এমন হতে পারে
যে, সূর্য থেকে
ছিটকে পড়া
কণাগুলো পৃথিবীর
বায়ুমণ্ডলে এসে
মেঘ তৈরি করতে
সাহায্য করতে
পারে, বদলে দিতে
পারে আবহাওয়া।**